


AAC ব্লক ব্যবহার - নির্দেশিকা



সূচিপত্র

ভূমিকা বিল্ডিং এর পরিকল্পনা এএসি ব্লক-এ দেয়াল নির্মাণের সুবিধা ও নির্দেশিকা	০১
ফাউন্ডেশন, কলাম এবং বিম ফ্ল্যাট স্ল্যাব	০২
ড্যাম্প প্রুফ কোর্স	০৩
আনলোড এএসি দেয়ালের পরিধি	০৪
এএসি ব্লক স্থাপন ইস্পাত এক্সেল ব্যবহার	০৫-১১
প্লাস্টারিং প্লাস্টারিং-এর জন্য সিমেন্ট মর্টার অভ্যন্তরীণ প্লাস্টার বাহ্যিক প্লাস্টার	১১-১২
এএসি ব্লকের জন্য মর্টার	১৩-১৪
প্লাস্টারিং এর জন্য তার জালি / ওয়ার ম্যাশ এর ব্যবহার	১৫-১৬
দরজা ও জানালা স্থাপন করার পদ্ধতি	১৭-২০
এএসি ব্লকে বৈদ্যুতিক লাইন ও পানির লাইন কাটার করার পদ্ধতি	২০-২২
টাইলস স্ক্যাটিং	২২
দেয়ালের রঙ	২৩
লোড ইনস্টলেশনের পদ্ধতি এয়ার কন্ডিশনার (এসি) স্থাপনের পদ্ধতি ভারবহন কাঠামোতে এএসি ব্লক ব্যবহার করা যাবে না	২৪-২৫
লিফট গাইড রেল	২৬
আনুষঙ্গিক সরঞ্জাম কিউরিং টুলস/ভেজানোর যন্ত্র	২৭-২৮

ভূমিকা

নেক্সটব্লক অটোক্লেভড্-এর এএসি ব্লক দিয়ে স্থাপনা নির্মাণে স্থপতি, প্রকৌশলী, ঠিকাদার, রাজমিস্ত্রি এবং বাড়ির মালিকদের জন্য এই ব্যবহারবিধি অনুসরণীয়। নেক্সটব্লক অটোক্লেভড্ ওজনে হালকা, কম ঘনত্বের সলিড অটোক্লেভড্ এরটেড কংক্রিট (এএসি) ব্লক যা স্থাপনার বাইরের ও ভেতরের দেয়াল নির্মাণের জন্য উপযুক্ত। যার দৈর্ঘ্য ৬০০ মি.মি., উচ্চতা ২০০ মি.মি. এবং প্রস্থ ১০০ মি.মি. থেকে ৩০০ মি.মি. আকারে পাওয়া যায়।

নির্মাণ কাজে কোনও সমস্যার সন্মুখীন হলে, অনুগ্রহ করে কাজ শুরু করার আগে অবিলম্বে স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারের সাথে যোগাযোগ করুন।

আর কতো নিম্নমানের নির্মাণ সামগ্রীর ব্যবহার?

বাংলাদেশে নির্মাণ শিল্পের অবকাঠামো পরিবর্তন ও পরিবর্ধন অনেকটা ধীরগতিতে হয়ে আসছে। এখনও বেশিরভাগ স্থানেই প্রচলিত নিয়ম মেনে প্রচলিত নির্মাণ সামগ্রী ব্যবহার করেই স্থাপনার নির্মাণ কাজ করা হয়। যার ফলে নির্মাণ কাজ হচ্ছে সময়সাপেক্ষ ও ব্যয়বহুল। আধুনিক সব নির্মাণ সামগ্রীর ব্যবহার ও কৌশল একইসাথে সময় এবং খরচ কমানোর ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারে।

দ্রুত পরিবর্তন প্রয়োজন

দ্রুত নগর সম্প্রসারণ ও জীবনযাত্রার উচ্চমানের ফলে সারা বিশ্বের অধিক সংখ্যক আবাসিক ভবনের চাহিদা তৈরি হয়েছে। আর সে কারণেই স্থপতি ও প্রকৌশলীরা বহুতল ভবন নির্মাণে শক্তিশালী ও দ্রুত কাজ করা সম্ভব এমন সব উদ্ভাবনী নির্মাণ সামগ্রী ব্যবহার করতে আগ্রহী হয়েছেন। যার মাধ্যমে স্থাপত্য শিল্প হয়ে উঠছে আরও আধুনিক ও প্রযুক্তি নির্ভর।

দেয়াল নির্মাণের উদ্ভাবনী উপকরণ নেক্সটব্লক অটোক্লেভড্

বাংলাদেশের নির্মাণ শিল্পের অবকাঠামোকে আধুনিক ও পরিবেশবান্ধব গড়ার প্রত্যয়ে বিশ্বজয়ী উদ্ভাবনী এএসি ব্লক নিয়ে এসেছে নেক্সটব্লক অটোক্লেভড্, যা উৎপাদন করতে ব্যবহার করা হয় বালি, জিপসাম, চুন, সিমেন্ট এবং অ্যালুমিনিয়াম পাউডার।

এএসি ব্লক-এ দেয়াল নির্মাণের সুবিধাদি ও নির্দেশিকা

অটোক্লেভড্ এরটেড কংক্রিট (এএসি) ব্লক দিয়ে স্থাপনা নির্মাণে যে সকল সুবিধা পাওয়া যায়।


ওজনে হালকা হওয়ার কারণে এএসি ব্লক দিয়ে যেকোনো ধরনের ডিজাইনের স্থাপনার দেয়াল নির্মাণ করা সম্ভব।



এএসি ব্লকের ঘনত্ব মাটির ইট বা কংক্রিট ব্লকের তুলনায় ৫০-৬০% কম। এই জন্য এএসি ব্লক ব্যবহারে একটি বিল্ডিং-এর দেয়ালের মোট ডেড লোড অর্ধেক হয়। ওজনে হালকা এই এএসি ব্লক ব্যবহারের ফলে স্থাপনার ওজন উল্লেখযোগ্য ভাবে হ্রাস পায়। এছাড়া **ফাউন্ডেশন**, **বিম** এবং **কলাম**-এর কাঠামোগত খরচ কমে যায়।





তাছাড়া দুর্বল মাটিতে যদি স্থাপনা নির্মাণ করা হয় যেখানে মাটির ভারবহন ক্ষমতা খুবই কম এবং যেখানে পাইল ফাউন্ডেশন করে স্থাপনা নির্মাণ করা হয়, সেখানে এএসি ব্লক ব্যবহার অনেক বেশি কার্যকর।

যে সকল স্থাপনা নির্মাণের জন্য **ফ্ল্যাট স্ল্যাব** ব্যবহার করা হয়, হালকা ওজনের জন্য সেখানে এএসি ব্লক ব্যবহারযোগ্য।



ড্যাম্প প্রুফ কোর্স/কোট

ড্যাম্প প্রুফ কোর্স: দেয়াল তৈরি করার সময়, দেয়ালের উপরের স্তরের সাথে মিলানোর জন্য অনেক সময় ব্লকগুলি পাতলা করে কাটতে হয়। যা অতিরিক্ত ঝামেলা সৃষ্টি করে। এই সমস্যা সমাধানের জন্য, আমরা দেয়ালের উচ্চতা অনুযায়ী দেয়ালের নিচের স্তরে ৫০ - ৬০ মিমি. বা ২ - ৩ ইঞ্চি সিমি যোগ করতে পারি। তাছাড়া, রান্নাঘর এবং ওয়াশরুমে দীর্ঘ সময়ের জন্য জল জমে থাকে, তাই আমরা দেওয়ালের উচ্চতা অনুসারে দেওয়ালের নিচের স্তরে ১৫ - ৩০ সেমি বা ৬ - ১২ ইঞ্চি সিমি করে নিতে পারি। এছাড়াও আমরা সিমি ঢালাইয়ের পরিবর্তে কংক্রিটের ইটও ব্যবহার করতে পারি।





ড্যাম প্রুভ

আনলোড এবং সংরক্ষণ



এএসি ব্লক আনলোড এবং স্ট্যাক করার জন্য আমাদের সঠিক নির্দেশিকা অনুসরণ করতে হবে

- ❏ ব্লকগুলি একটি সমতল পৃষ্ঠে আনলোড করতে হবে এবং মেঝে থেকে কমপক্ষে ৫ ইঞ্চি উপরে রাখতে হবে।
- ❏ ব্লকগুলি মেঝেতে নিষ্ক্ষেপ করা যাবে না, শুষ্ক পৃষ্ঠের উপর সাবধানে রাখতে হবে।
- ❏ ব্লকের প্রথম স্তরটি সোজাভাবে এবং দ্বিতীয় স্তরটি আড়াআড়িভাবে আনলোড করতে হবে, যা ওজনের ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে।
- ❏ শ্রমিক তার সামর্থ্য অনুযায়ী ব্লক এক তলা থেকে অন্য তলায় নিয়ে যেতে পারে।
- ❏ ভাঙা ব্লকগুলিকে করাত দিয়ে কেটে সাইটে ব্যবহার করা যায়।
- ❏ বর্ষায় ব্লক সংরক্ষণের ক্ষেত্রে অবশ্যই প্লাস্টিক পলি দিয়ে ঢেকে রাখতে হবে।



এএসি দেয়ালের পরিধি

এএসি ব্লক ব্যবহারের ক্ষেত্রে, দেয়ালকে অতিরিক্ত মজবুত করার জন্য আর সি সি বা স্টিফেনার ব্যবহার করতে হবে।




দীর্ঘ পরিধির দেয়াল


এএসি ব্লক স্থাপন

রাজমিস্ত্রি কে খুব সহজে এএসি ব্লক ব্যবহার এবং উপযুক্ত নির্মাণ পদ্ধতি শেখানো যায়। এএসি ব্লক যত্ন সহকারে সঠিক পদ্ধতি অবলম্বন করে স্থাপন করা আবশ্যিক। অন্যথায় দেয়ালের ক্ষতি হওয়ার ঝুঁকি থাকে। এএসি ব্লক স্থাপনের পদ্ধতি ধাপে ধাপে নিম্নে বর্ণিত করা হলো:



ধাপ ১ : সিমেন্টের অতিরিক্ত স্তরকে সমান করে ফাউন্ডেশন/স্ল্যাব/বিম/কলাম পরিষ্কার করতে হবে এবং তারপর ভালো করে পানি দিয়ে পরিষ্কার করে নিতে হবে।




ধাপ ২ : শক্তিশালী বন্ধনের জন্য মেঝে এবং কলাম চিপিং করে নিতে হবে।





ধাপ ৩ : ওয়াশরুম এবং রান্নাঘরের জন্য প্রায় ১৫০ মি.মি. - ৩০০ মি.মি. এবং অন্যান্য ঘরের জন্য প্রায় ৫০-৬০ মি.মি. ড্যাম প্রুফ দিতে হবে।



ধাপ ৪ : ব্লকের প্রথম ধাপের কাজ শুরু করার আগে ব্লকের লেয়ার সমতল করার জন্য প্রথমে মর্টারের একটি স্তর (সিমেন্ট : বালি- ১:৪) দিতে হবে।





ধাপ ৫ : ব্লকগুলি স্থাপনের আগে, এটি এমনভাবে পানি দিয়ে ভেজানো উচিত যাতে করে ব্লকগুলির ভিতরে ২ সেন্টিমিটার পর্যন্ত পানি পৌঁছাতে পারে। ২ সেন্টিমিটার পানি ব্লকে প্রবেশ করা নিশ্চিত করতে ১০-১৫ মিনিটের জন্য ব্লকগুলো পানি ছিটিয়ে ভিজাতে হবে। যদি ব্লক ইতিমধ্যেই ভেজা থাকে সেখানে ভিজানোর প্রয়োজন নেই।



ব্লক প্রি-কিউরিং



ধাপ ৬ : এএসি ব্লকের প্রথম কোর্স: মেঝেতে ৫ ইঞ্চি সিসি কাস্টিং করার পর আমাদের এটিকে ৭ দিনের জন্য কিউরিং করতে হবে। তারপরে আমরা জয়েন্ট মর্টার দিয়ে ব্লক ইনস্টলেশনের প্রথম স্তর শুরু করতে পারি বা আমাদের নিশ্চিত করতে হবে যে ব্লক জয়েন্টগুলিতে কোনও বায়ুশূন্যতা বা ফাঁকা নেই। আমাদের সঠিক ভাবে জয়েন্ট পূরণ করতে হবে। এটি করার সবচেয়ে সহজ উপায় হল মর্টার স্থাপনের পরে ব্লকগুলি স্থাপন করা।

১





২

৩



৪

৫



৬

মর্টারের পুরুত্ব: বালি-সিমেন্ট জয়েন্ট মর্টার ব্যবহার করলে, মর্টারের পুরুত্ব আনুমানিক ৮মি.মি. - ১০মি.মি. পর্যন্ত করা যাবে। এবং যদি আমরা এডহেসিভ ব্যবহার করি, সেক্ষেত্রে আনুমানিক ৩মি.মি.- ৫মি.মি. পুরুত্ব করা যাবে।


ধাপ ৭: দ্বিতীয় বারে মর্টার প্রয়োগ করার আগে, প্রথম প্রলেপের উপর থেকে যে কোনো আলগা কণা এবং ধুলো থাকলে তা পরিস্কার করে ফেলতে হবে।



ব্লক স্থাপন






দেয়ালের কোণ



ধাপ ৮ : এএসি ব্লক দিয়ে দেয়াল নির্মাণের সময় ব্লকের আকার অনুযায়ী এটি একটি নির্দিষ্ট উচ্চতায় স্থাপন করতে হবে।

আকার (বেধ)	১ম দিন	২য় দিন	৩য় দিন
১০০-১২০ মিমি.	১.৫ মি. / ৪ - ৫ ফুট	১.০ মি. / ২ - ৩ ফুট	সম্পূর্ণ কাজ
১৪০-২০০ মিমি.	২.০ মি. / ৫ - ৬ ফুট	দরজার উচ্চতা	সম্পূর্ণ কাজ
২০০-২৫০ মিমি.	২.০ মি. / ৫ - ৬ ফুট	দরজার উচ্চতা	সম্পূর্ণ কাজ



ইস্পাত এঙ্গেল ব্যবহার


এঙ্গেল ব্যবহার করে অটোক্লেভড এরটেড কংক্রিট দেয়াল গাঁথুনি করার স্বাভাবিক পদ্ধতি। পৃথক দেয়াল সম্পূর্ণ হয়ে গেলে, দেয়ালে এঙ্গেল ব্যবহার করে ব্রেসিং দেয়ালগুলো সংযুক্ত করা হয়। প্রাচীরের বন্ধনগুলো বেড জয়েন্টের মর্টারের অর্ধেক চোকানো হয় যেখানে ব্রেসিং দেয়াল একটি শক্তিশালী বন্ধন নিশ্চিত করে। বন্ধনের সংখ্যা কার্ঠামোগত প্রয়োজনীয়তা দ্বারা নির্ধারিত হয়।

প্রতি ৫০০ মিমি. দেয়াল উচ্চতায় একটি ওয়াল টাই (ইস্পাত এঙ্গেল) ব্যবহার করতে হবে।




ইস্পাত এঙ্গেল ব্যবহার

ধাপ ৯ : যদি দেয়ালের উচ্চতা ৪ মিটার হয় তবে কপিং বিম প্রয়োজন হবে। এটি নিশ্চিত করা উচিত যে সেটেলমেন্ট হওয়ার পর সঠিকভাবে লোড বিতরণ হয়েছে কিনা। আরসিসি বিম লিটেলের আকার এবং পুরুত্ব অনুযায়ী দিতে হবে। দেয়াল ফ্ল্যাশ দিতে হবে চারটি ৮ মি.মি. ডায়া রড এবং ৬ মি.মি. রিং রড, ২০০ মি.মি. C/C (ASTM দ্বারা স্বীকৃত)।




১০ ফুট উচ্চতার
দেয়ালের জন্য




১৫ ফুট উচ্চতার
দেয়ালের জন্য

ধাপ ১০ : সমতল দেয়ালের জন্য বন্ড (কপিং) কলাম দিতে হয়। এছাড়া যদি দেয়ালের দৈর্ঘ্য ৪.৫ মিটার বা ১৫ ফুটের বেশি হয় তাহলে কপিং কলাম বা ফলস কলাম প্রয়োজন হয়।




লিটেল বন্ড (কপিং) বিম জানালা ও দরজা সম্বলিত দেয়ালের জন্য

প্রস্তাবিত আরসিসি লিটেল বন্ড বিমের পুরুত্ব দেয়ালের সমান, যার ব্যাস ১২৫ মি.মি.। ASTM অনুযায়ী ১০ মি.মি. রড এবং ৬ মি.মি. রিং ব্যবহার করতে হবে।



১০ ফুট উচ্চতার
দেয়ালের জন্য




১০ ফুট উচ্চতার
দেয়ালের জন্য

লিটেলেকে একটি সম্পূর্ণ ব্লকে ন্যূনতম ভার এর পরিমাণ সহ নিম্নরূপে ব্যবহার করতে হবে।

দরজা এবং জানালার আকার	৩.০ ফুট পর্যন্ত	৩.০-৬.৫ ফুট	৬.৫ ফুটের উপরে
সর্বনিম্ন ভারবহন (প্রতিটি দিক)	১৫০ মি.মি.	২০০ মি.মি.	ডিজাইন অনুসারে

ফাটল এড়াতে জানালার নীচের বিমগুলি শক্তিশালী করতে হবে। বস্তু বিমটি উভয় পাশের জানালার কোণ থেকে ৩০০ মি.মি. প্রসারিত হবে।

দরজার উচ্চতা সাধারণ দরজার উচ্চতার চেয়ে বেশি হলে দরজার উভয় পাশে ২৫০ মি.মি. কলাম দিতে হবে। দেয়াল ফ্ল্যাশ দিতে হবে, সেক্ষেত্রে ৪ টি ১০ মি.মি. রড এবং ৬ মি.মি. রিং রড, ২০০ মি.মি. C/C ব্যবহার করতে হবে। (ASTM দ্বারা স্বীকৃত)



১২ ফুট উচ্চতার দেয়ালের জন্য

ধাপ ১১ : বিম জয়েন্ট: সব শেষে জয়েন্টটি সিমেন্ট মর্টার দিয়ে পূর্ণ করা করতে হবে।

করণীয় :



- ☐ এ এ সি ওয়ালের ডিজাইন শুধুমাত্র স্ট্রচার কোর্সের জন্য উপযুক্ত।
- ☐ লম্ব আকারের জয়েন্টগুলো সরলরেখায় থাকা উচিত নয় এবং নিচের কোর্সের উপরে ব্লক ওভারল্যাপিং অবশ্যই কমপক্ষে ২৫০ মিমি. হতে হবে।
- ☐ মর্টারকে ব্লক স্থাপনের আগে খুব বেশি ছড়িয়ে দেওয়া উচিত নয়, কারণ এটি শক্ত হয়ে যেতে পারে এবং এর নমনীয়তা হারাতে পারে, যার ফলে বন্ধন দুর্বল হয়।

ধাপ ১২ : প্লাস্টারিং (plastering)

দেয়ালের ভেতরে এবং বাইরে, উভয় দিকেই প্লাস্টার করা উচিত। তবে, গাঁথুনির ৭ - ১৪ দিন পরে প্লাস্টার শুরু করতে হবে।

প্লাস্টার করার জন্য দেয়াল প্রস্তুত করণ :

- ☐ পৃষ্ঠ থেকে যেকোনো ধুলো, ছত্রাক বা শ্যাওলা পরিষ্কার করে নিতে হবে।
- ☐ যদি পৃষ্ঠটি খুব শক্ত না হয় তবে তারের ব্রাশিং, কাটা বা বুশ পাউন্ডিং দ্বারা এটিকে খসখসে করে নিতে হবে।
- ☐ প্লাস্টার পুরুত্বের তারতম্য এড়াতে দেয়ালের পৃষ্ঠ যেন সমান হয় তা নিশ্চিত করতে হবে।
- ☐ প্লাস্টার করার আগে সম্পূর্ণ দেয়াল না ভিজিয়ে স্প্রে মেশিন দিয়ে ১০ - ১৫ মিনিট পানি স্প্রে করে নিতে হবে।
- ☐ আর সি সি কলাম এবং বিমের সংযোগস্থলে তারের জালি ব্যবহার করতে হবে। সুইচ বর্ডের চারপাশে তারের জালি দিয়ে ঢেকে দিতে হবে। বৈদ্যুতিক পাইপ এর স্থানে জালি দিয়ে ঢেকে প্লাস্টার করতে হবে।



ওয়্যারমেশ ব্যবহার

- ❏ রক্ষকরণ উপাদান: ১:১ সিমেন্ট মর্টার এর সাথে ৮% এডহেসিভ দিয়ে স্মারি তৈরি করে দেয়ালে ব্যবহার করে খসখসে করে নিতে হবে।
- ❏ ঘষামাজা করার প্রয়োজনীয়তা: ম্যানুয়ালি মিশ্রনটি দেয়ালের গায়ে লাগাতে হবে, এটি প্লাস্টারকে দেয়ালের সাথে দৃঢ়ভাবে আটকাতে সহায়তা করে।
- ❏ এএসি ব্লকে ১২ থেকে ১৫ মিমি প্লাস্টার করতে হবে। প্লাস্টার করার একদিন আগে ব্লকের দেয়াল ১০ থেকে ১৫ মিনিটের জন্য ভিজিয়ে রাখতে হবে। প্রথম স্তরে গ্রাউন্ডিং করতে হবে। দ্বিতীয় দিনে, দ্বিতীয় স্তরে ৫-৬ মিমি প্লাস্টার অমসৃণ করতে হবে। এরপর ৫-৬ ঘণ্টা অপেক্ষা করে প্লাস্টারের বাকি কাজ শেষ করতে হবে।
- ❏ দেয়ালের প্লাস্টার সম্পূর্ণরূপে সমতল হওয়ার পরে, পরবর্তী ৭ থেকে ১৪ দিনের জন্য কিউরিং শুরু করতে হবে। (প্লাস্টারিং এ এডহেসিভ ব্যবহারে কোন কিউরিং প্রয়োজন হয় না)
- ❏ প্রথম কিউরিং প্লাস্টার সম্পন্ন করার ১০ ঘন্টা মধ্যে শুরু করতে হবে এবং ১ দিনে দুইবার করতে হবে।

প্লাস্টারিং-এর জন্য সিমেন্ট মর্টার

দেয়ালে ফাটল এড়াতে অভ্যন্তরীণ এবং বাহ্যিক প্লাস্টারিংয়ের জন্য সিমেন্ট মর্টার ১:৪ এবং পিপিসি সিমেন্ট ব্যবহার করতে হবে।

অভ্যন্তরীণ প্লাস্টারিং :

অভ্যন্তরীণ দেয়ালের জন্য প্লাস্টারের পুরুত্ব ১০ মি.মি. হওয়া উচিত। তবে ১০-১২ মি.মি. পুরু প্লাস্টারিং এড়ানো উচিত, কারণ এটি দেয়ালে ফাটল সৃষ্টি করতে পারে।

বাহ্যিক প্লাস্টারিং :

বাহ্যিক প্লাস্টারিং দুটি স্তরে করা আবশ্যিক। ব্লক পৃষ্ঠে বালি দিয়ে (SBR) আবরণ প্রয়োগ করলে বন্ডিং ভালো হয় এবং প্লাস্টারিং এর পুরুত্বও কমে। বাহ্যিক দেয়ালের জন্য প্লাস্টারের পুরুত্ব ১৫ মি.মি. পর্যন্ত হতে হবে।



ধাপ ১ : ১ম দিন



ধাপ ২ : ২য় দিন



ধাপ ৩ : ২য় দিন (২য় ধাপের ৫-৬ ঘন্টা পর)



দ্রষ্টব্য: সরঞ্জামের বিবরণ পেতে ২৮ - ২৯ পৃষ্ঠা নং দেখুন।

এএসি ব্লকের মর্টার :

এএসি ব্লকের ক্ষেত্রে দুই ধরনের মর্টার ব্যবহার করা হয়:

- প্রচলিত সিমেন্ট মর্টার (বালি ও সিমেন্ট)
- পাতলা বেড মর্টার (এএসি ব্লক এডহেসিভ)

📁 প্রচলিত সিমেন্ট মর্টার (বালি ও সিমেন্ট)

বহু বছর ধরে চুন, সিমেন্ট বা জিপসামের মতো খনিজ মিশ্রণ এই মর্টারে ব্যবহার করা হয়। এই মর্টার প্রাথমিকভাবে পাথর, ইট, কংক্রিট ব্লক এবং এএসি ব্লক স্থাপনে ব্যবহৃত হয়।

উপাদান :

সিমেন্ট এবং বালি প্রথমে একসাথে মিশ্রিত করতে হবে, এরপর এই মিশ্রণের ০.৬৫% পানি বালি-সিমেন্ট মিশ্রণের সাথে যুক্ত করে মর্টার তৈরি করা হয়।

মর্টার মিশ্রণ অনুপাত :

মর্টার মিশ্রণের জন্য আদর্শ "সিমেন্ট: বালি" অনুপাত ১:৪, (মর্টারের মিশ্রণ ১:৩ হলে দেয়ালে ফাটল সৃষ্টি হতে পারে। ভালো ফলাফলের জন্য, পিপিসি (পোর্টল্যান্ড পোজোলানা সিমেন্ট) ব্যবহার করুন।

মর্টারের পুরুত্ব :

আর্দ্রতার ফলে যেকোনো ক্ষতি এড়াতে এএসি ব্লকের জন্য মর্টারের পুরুত্ব ৮-১০ মি.মি. হওয়া উচিত।

সুবিধা :

- 📁 সহজেই প্রচুর কাঁচামাল পাওয়া যায়।
- 📁 শ্রমিকদের প্রশিক্ষণ লাগে কম।

অসুবিধা :

- 📁 জয়েন্টগুলো জমাট বাঁধতে ৭ দিন সময় লাগে
- 📁 ১০ মি.মি. পুরুত্বের ফলে সামান্য তাপ এবং শব্দে ক্ষতি হতে পারে।
- 📁 বালির ব্যবহার প্রয়োজন

পাতলা বেড মর্টার (এএসি ব্লক এডহেসিভ)

এডহেসিভ মর্টার হলো একটি অভিনব কৌশল যা প্রচলিত সিমেন্ট মর্টার থেকে কম লাগে এবং ৩-৫ মি.মি. পাতলা জয়েন্ট প্রদান করে। ৩ থেকে ৫ মি.মি. পুরুত্বেও এই মর্টার অনেক শক্তিশালী এবং পানি প্রতিরোধ করে।

উপাদান :

এটি সিমেন্ট, গ্রেডেড বালি এবং পলিমারের একটি নির্দিষ্ট রাসায়নিক অনুপাতে কারখানায় তৈরি মর্টার। যা নির্মাণ সামগ্রীর বন্ধনকে শক্তিশালী করতে সাহায্য করে।



বাজারে প্রচলিত এডহেসিভ

মিশ্রণের ধারাবাহিকতা:

মর্টার বেডের মিশ্রণ এমন হওয়া উচিত যেন এটি খাঁজযুক্ত ট্রোলের মাধ্য দিয়ে সহজেই প্রলেপ সৃষ্টি করতে পারে।



খাচকাটা কুনি



এডহেসিভ কুনি

মর্টারের পুরুত্ব :

পাতলা বেড মর্টারে এএসি ব্লক স্থাপনের জন্য শুধুমাত্র ৩ মি.মি. থেকে ৫ মি.মি. পুরুত্বের প্রয়োজন হয়।

সুবিধা :


- ☐ মিশ্রিত করা সহজ এবং সঠিক সরঞ্জামের সাথে প্রয়োগ করা সহজ।
- ☐ পানিতে ভেজানো / কিউরিং করার প্রয়োজন হয়না।
- ☐ দ্রুত এবং শক্তিশালী জয়েন্ট নিশ্চিত করে।

তার জালি / ওয়ার ম্যাশ এর শক্তিবৃদ্ধি


৫ ইঞ্চি (১২০ মি.মি.) দেয়ালের কাঠামোগত শক্তি বৃদ্ধির জন্য এবং দেয়ালের ফাটল রোধ করতে সাধারণত ব্লকে গ্যালভানাইজড বা স্টেইনলেস স্টিলের মিশ্রণ ব্যবহার করা হয়।

যে সকল ধাতুর প্রসারণ হয় তা নিয়ে কাজ করা সহজ, এবং যখন দেয়ালে ব্যবহার করা হয়, তখন এটি একটি অবিচ্ছেদ্য কাঠামো তৈরি করে, যা কম্পন এবং তাপমাত্রা পরিবর্তনে সৃষ্ট সমস্যা প্রতিরোধে সহায়তা করে।

দেয়ালের বাইরের দিকে ৫ মি.মি. ক্লিয়ারেন্স সহ মর্টার বেড এবং দৈর্ঘ্যের সাথে মিল রেখে কমপক্ষে ৭৫ মি.মি. ল্যাপ করতে হবে।



তার জালির ওয়ার ম্যাশ এর শক্তিবৃদ্ধি নিচে চিত্রিত করা হলো :




প্লাস্টারিং এর জন্য তার জালি / ওয়ার ম্যাশ এর ব্যবহার :

দেয়াল সমান্তরাল রাখতে এবং ফাটল কমাতে, চিকন জাল দিয়ে সম্পূর্ণরূপে মেশ করা সবচেয়ে ভালো। কোণার ফাটল কমাতে এএসি ব্লক দিয়ে দেয়াল করার সময় কলাম এবং দরজা ও জানালার জন্য ন্যূনতম ফাঁকা জায়গা রাখতে হবে।





কংক্রিট জয়েন্টে ম্যাশের ব্যবহার

অনেক সময় সাইডের জয়েন্টগুলিতে ফাটল দেখা যায়। কারণ কলাম এবং ছাদের বিমের সাথে জয়েন্ট মর্টার এবং কংক্রিটের অনুপাত এক নয়। ফাটল দূর করতে জয়েন্ট গুলোতে ৪ ইঞ্চি তারের জাল ব্যবহার করতে হবে।



বৈদ্যুতিক লাইন এবং প্লাস্টিং লাইন কভার করার জন্য ম্যাশের ব্যবহার


বৈদ্যুতিক লাইন এবং পানির পাইপ লাইন কাটার পরে সেই জায়গাগুলো সঠিকভাবে মর্টার দিয়ে ঢেকে রাখতে হবে, তবে মর্টার কংক্রিট এবং ব্লক কংক্রিটের অনুপাত এক নয়, তাই ফাটল সৃষ্টি হতে পারে। সেখানে প্লাস্টার করার আগে তারের জালি ব্যবহার করতে হবে।



দরজা ও জানালা স্থাপন করার পদ্ধতি

ধাপ সমূহঃ দরজা


ধাপ ১ : দরজার ফ্রেমের উভয় পাশে পর্যাপ্ত সংখ্যক (২ বা ৩) ক্ল্যাম্প ইনস্টল করুন। যেহেতু সাধারণ কঙ্কিটি সময়ের সাথে আলাগা হতে পারে এবং দরজার ফ্রেমটি দেয়াল থেকে বেরিয়ে আসতে পারে, তাই ক্ল্যাম্পটি কার্ঠের ফ্রেমের সাথে স্কু দিয়ে সংযুক্ত করতে হবে।




১০ ফুট উচ্চতার
দেয়ালের জন্য

ধাপ ২ : দেয়ালে দরজা ইনস্টল:

দরজা লাগানোর জন্য দেয়ালের উভয় পাশে ক্ল্যাম্প বসানোর জন্য পরিমাণ মত কেটে নিতে হবে।



5" Copping
Beam 4@8mm




5" Copping
Beam 4@8mm

ধাপ ৩ : দেয়ালের সাথে দরজার ফ্রেম সেট করা :

দেয়ালকে প্লাস্টার করার সময় নিশ্চিত করতে হবে যেন প্লাস্টার এবং দরজার ফ্রেম একই স্তরে থাকে। সবশেষে, সিমেন্ট কংক্রিট দিয়ে ঢালাই দেয়ার আগে দরজার ফ্রেমের কোণা ও উপরের স্তর সমানভাবে রয়েছে কিনা পরীক্ষা করতে হবে।

ধাপ ৪ : কংক্রিট পূরণ করা :


দেয়ালের সাথে দরজা আবদ্ধ করতে, সিমেন্ট কংক্রিট মর্টার (১:২:৪) অনুপাত দিয়ে দরজার ফ্রেমের চারপাশে এমএস ক্ল্যাম্পের ফাঁকা স্থানগুলো পূরণ করতে হবে।

**ধাপ ৫ :** কিউরিং :


কংক্রিট ঠিকভাবে জমাট বাঁধার জন্য কমপক্ষে ৭ দিন পানি দিতে হবে।

ধাপ সমূহঃ জানালা**ধাপ ১-** এম এম ক্ল্যাম্প ইনস্টলেশন :

জানালা ফ্রেমের উভয় পাশে পর্যাপ্ত সংখ্যক (২ বা ৩) ক্ল্যাম্প ব্যবহার করুন, ক্ল্যাম্পটি ফ্রেমের সাথে অবশ্যই স্ক্রু দিয়ে লাগাতে হবে।


**ধাপ ২:** জানালার ফ্রেম ইনস্টল :

জানালা উভয় পাশের এএসি ব্লক দিয়ে নির্মিত দেয়াল পরিমাণ মত কেটে নিতে হবে, যেখানে ক্ল্যাম্পগুলো ইনস্টল করতে হবে।




ধাপ ৩ : দেয়ালে জানালার ফ্রেম সেট করা:

জানালার ফ্রেমটি দেয়ালে সঠিকভাবে স্থাপন করতে হবে, যেন প্লাস্টার করার সময় প্লাস্টারের পৃষ্ঠ এবং জানালার ফ্রেম একই স্তরে থাকে। সবশেষে, সিমেন্ট-কংক্রিট দিয়ে ঢালাই দেয়ার আগে জানালার ফ্রেমের কোণা এবং উপরের স্তর সমান ভাবে রয়েছে কিনা পরীক্ষা করতে হবে।



ধাপ ৪ : কংক্রিট পূরণ :

দেয়ালের সাথে আবদ্ধ করতে, সিমেন্ট-কংক্রিট-মর্টার (১:২:৪) অনুপাতে ব্যবহার করে দরজার ফ্রেমের চারপাশে এমএস ক্ল্যাম্পের ফাঁকাগুলো পূরণ করতে হবে।




ধাপ ৫ : কিউরিং :

কংক্রিট ঠিকভাবে জমাট বাঁধার জন্য কমপক্ষে ৭ দিন সময় দিতে হবে।


এএসি ব্লকে বৈদ্যুতিক লাইন ও পানির লাইন কাটার করার পদ্ধতি :

ধাপ ১ : প্রথমে একটি পেন্সিল বা মার্কার ব্যবহার করে ডিজাইন অনুযায়ী দেয়ালটি চিহ্নিত করতে হবে।




ধাপ ২ : একটি গ্রুপ কাটার ব্যবহার করে লাইনের চিহ্ন বরাবর কাটতে হবে।

ধাপ ৩ : একটি হাতুড়ি এবং ছেনি ব্যবহার করে খাঁজ উন্মুক্ত করতে হবে।



১২০ মিমি পুরুত্বের দেয়াল
২.৫"-৩" গ্রুপ কাটিং
১১০ মিমি পুরুত্বের দেয়াল
২"-২.৫" গ্রুপ কাটিং
১০০ মিমি পুরুত্বের দেয়াল
১"-১.৫" গ্রুপ কাটিং


ধাপ ৪ : পাইপ বা বৈদ্যুতিক বাহুর স্থাপন করতে হবে।



ধাপ ৫ : কমপ্যাক্ট মর্টার দিয়ে খাঁজটি পূরণ করতে হবে এবং তারের জাল বা পলিমার ফ্যাব্রিক দিয়ে ঢেকে দিতে হবে।




এএসি ব্লকের কাঠামোগত বৈশিষ্ট্য রক্ষার জন্য গ্রুপ কাটার সময় সতর্ক থাকতে হবে। যদি জয়েন্টের জন্য সাধারণ সিমেন্ট মর্টার ব্যবহার করা হয়, তবে অন্তত ১০ দিন পরে বৈদ্যুতিক লাইনের কাজ শুরু করতে হবে।



ধাপ ৬ :

বৈদ্যুতিক সুইচ বক্স ইনস্টলেশনের জন্য

- ❏ বাক্সের পরিমাপ কী হবে তা ঠাঁকে নিতে হবে।
- ❏ গ্র্যান্ডিং মেশিন দিয়ে কেটে নিতে হবে।
- ❏ ব্লকের কাটা অংশ সরাতে একটি হাতুড়ি এবং ছেঁনি ব্যবহার করুন।
- ❏ কাটা জায়গায় বাক্স স্থাপন করুন।
- ❏ ব্লকের সর্বোচ্চ ৩-ইঞ্চি গভীরতা পর্যন্ত ছিদ্র করা সম্ভব।
- ❏ ১০০ মি.মি. ব্লক শুধুমাত্র সমতল দেয়ালের জন্য ব্যবহৃত হয়।




টাইলস স্ক্যাটিং: সাধারণত আমরা দেয়ালের নীচে টাইলস স্ক্যাটিং ইনস্টল করি। ইনস্টল করার পরে যদি আমরা এটি পানি দিয়ে কিউরিং করি তবে এর ফলে দেয়ালগুলো ভিজে যায়। সে ক্ষেত্রে দেয়াল শুকানোর আগে নিচের অংশে প্লাস্টার বা রং করা যাবে না।



দেয়ালের রঙ

- ☐ প্লাস্টার সম্পূর্ণ শুকিয়ে যাওয়ার পরে, রঙের কাজ শুরু করতে হবে।
- ☐ দেয়াল পরিষ্কার করা আবশ্যিক।
- ☐ পুটিং প্রয়োগ করে দেয়ালের ছোট গর্তগুলি পূরণ করতে হবে।
- ☐ দেয়ালে পুটিং এর ২য় কোট লাগাতে হবে এবং দেয়ালে বড় গর্ত থাকলে পুটিং দিয়ে সমান করতে হবে।
- ☐ দেয়াল ১০-১২ ঘন্টা শুকাতে হবে।
- ☐ দেয়াল মসূণ করতে ২২০-গ্রিট স্যান্ডপেপার (শিরিষ কাগজ) ব্যবহার করুন।
- ☐ প্রাইমারের একটি আবরণ দেয়ালে লাগাতে হবে।
- ☐ দেয়ালটি ৩ থেকে ৪ ঘন্টা শুকানোর জন্য ছেড়ে দিতে হবে।
- ☐ পেইন্টের ১ম আবরণ প্রয়োগ করার আগে দেয়ালটি ১০-১২ ঘন্টা শুকাতে হবে।
- ☐ পেইন্টের ২য় কোট প্রয়োগ করার আগে ১০-১২ ঘন্টার জন্য দেয়াল শুকাতে হবে।



একটি রঙিন দেয়াল

লোড ইনস্টলেশনের পদ্ধতি :

লোড ইনস্টলেশন পদ্ধতি ওজন অনুসারে নির্ধারিত হয়।

হালকা ওজন (১৫ কেজি পর্যন্ত)

ব্যবহার : হালকা ওজন এর জন্য, যেমন: বৈদ্যুতিক জিনিমপত্র, ছোট আয়না ইত্যাদি।

সমাধান : ৭৫ মি.মি. (৩") ব্যাসের রয়েল প্লাগ ব্যবহার করতে হবে।



৮০ ড্রিল মেশিন

৮১ রয়েল প্লাগ

৮২ রয়েল প্লাগ এর ব্যবহার

একটি ড্রিল করুন, তারপরে স্ক্রু ব্যবহার করার আগে প্লাগ লাগিয়ে নিন।

মাঝারি ওজন (৫০ কেজি পর্যন্ত) :

ব্যবহার : মাঝারি ওজন, যেমন: বিশাল আয়না, ওয়াশ বেসিন, ওয়াটার হিটার ইত্যাদি।

সমাধান : ওজনের উপর ভিত্তি করে ১০০ মি.মি. (৪") দৈর্ঘ্য এবং (৮ মি.মি., ১০ মি.মি. বা ১২ মি.মি.) ব্যাস সহ স্লিভ অ্যান্ধর ব্যবহার করা উচিত। এর উপর ভিত্তি করে দেয়াল এর আকার নির্বাচন করতে হবে।



৮৩ রয়েল বোল্ড

৮৪ দেয়ালে বুলন্ত বেসিন

অতিরিক্ত ওজন (১০০ কেজি পর্যন্ত) :

ব্যবহার : অতিরিক্ত ওজন, যেমন ফ্ল্যাশ কামোড ইত্যাদি।

সমাধান : হালকা বা ভারি ব্যাক বোল্ট ব্যবহার করা উচিত। একটি ড্রিল করে ব্যাক ব্র্যাকেট ইনস্টল করুন এবং কংক্রিট দিয়ে এটি পূরণ করতে হবে। ফিটিং এর ৭ দিন পরে ভারী বস্তু ইনস্টল করা যেতে পারে। ওজন বেশী হলে রয়েল বোল্ডের সাথে মিলিয়ে দেয়াল ডিজাইন করতে হবে।





স্ক্রু এবং রয়াল প্লাগ

দেয়ালে ঝুলন্ত কমোড

নোট : আবেদিন ইকুইপমেন্ট লিমিটেড, নওয়াবপুর, হার্ডওয়্যারের দোকান ইত্যাদি জায়গায় এসব জিনিস পাওয়া যাবে।

৪-৫ ইঞ্চি এএসি ব্লকের দেয়ালে ভারী ওজন ব্যবহার করবেন না

৪ ইঞ্চি এএসি দেয়ালে ভারি জিনিসপত্র, যেমন: ওয়াল-হ্যাং কমোড, এয়ার কন্ডিশনার (এসি) ইন্সটল দেয়া উচিত নয়। ৮-১০ ইঞ্চি দেয়ালে এমন ভারি ওজনের বস্তু ব্যবহার করা যেতে পারে।




ব্যবহার : ভারি ওজন, যেমন: এয়ার কন্ডিশনার (এসি) ইত্যাদি।

এয়ার কন্ডিশনার (এসি) সেটআপ পদ্ধতি :

- ☞ ইনডোর ইউনিট মাউন্ট স্থাপন করার জন্য অভ্যন্তরীণ দেয়ালে একটি নির্দিষ্ট জায়গা নির্বাচন করুন।
- ☞ অভ্যন্তরীণ দেয়ালে ইনডোর ইউনিট ইনস্টল করতে চাইলে সেখানে মাউন্টিং প্লেট ধরে রাখুন। এটি অনুভূমিক ভাবে এবং উল্লম্বভাবে উভয় স্তর আছে তা নিশ্চিত করুন। স্ক্রু গর্তের অবস্থান চিহ্নিত করতে একটি পেন্সিল ব্যবহার করুন, পেটটি সরান, তারপর প্রতিটি স্ক্রু যেখানে যাবে সেখানে একটি গর্ত ড্রিল করুন। পেটটিকে এমনভাবে রাখুন যাতে এটি গর্তের সাথে মিলে যায়, গর্তের মধ্যে প্লাস্টিকের অ্যাক্সর প্রবেশ করুন এবং টেপিং স্ক্রু দিয়ে পেটটিকে দেয়ালে লাগান। স্ক্রু এবং প্লাস্টিকের অ্যাক্সর অবশ্যই ৪-৮ ইঞ্চি হতে হবে।
- ☞ দেয়ালের মধ্যে একটি ৫-১০ ইঞ্চি (দেয়ালের আকারের উপর নির্ভর করে) ড্রিল মেশিন দিয়ে গর্ত করুন।
- ☞ আপনি যেখানে আউটডোর ইউনিট ইনস্টল করতে চান সেই দেয়ালে মাউন্টিং পেটটি ধরে রাখুন। এটি অনুভূমিক ভাবে এবং উল্লম্বভাবে সমান আছে কিনা নিশ্চিত করতে একটি লেভেল ব্যবহার করুন। স্ক্রু গর্তের অবস্থান চিহ্নিত করতে একটি পেন্সিল ব্যবহার করুন, পেটটি সরান, তারপর প্রতিটি স্ক্রু যেখানে যাবে সেখানে ড্রিল মেশিন দিয়ে গর্ত করুন। পেটটিকে এমনভাবে রাখুন যাতে এটি গর্তের সাথে মিলে যায়, গর্তের মধ্যে প্লাস্টিকের অ্যাক্সর ঢোকান এবং টেপিং স্ক্রু দিয়ে পেটটিকে দেয়ালে সেট করুন। স্ক্রু এবং প্লাস্টিকের অ্যাক্সর অবশ্যই ৪-৮ ইঞ্চি হতে হবে।



ভারবহন কাঠামোতে এএসি ব্লক ব্যবহার করা যাবে না

এএসি ব্লক ভারবহনকারী কাঠামো যেমন: বিম ও কলাম-এ ব্যবহারযোগ্য নয় এবং বিম ও কলাম বিহীন স্থাপনায় ব্যবহার করা যাবে না। সাধারণত ভারবহনে ব্যবহৃত নয় এমন দেয়াল, পার্টিশন দেয়াল ও ইন-ফিল দেয়ালে এএসি ব্লক ব্যবহার করা হয়।



নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনা করে প্লিস্থ লেভেল এবং গ্রাউন্ড লেভেলের নিচে এএসি ব্লক ব্যবহার করা যাবে না।

- ☞ যেখানে অনুভূমিক ওজন বেশি পড়ে সেখানে এএসি ব্লক ব্যবহার করলে ফাটল ধরে স্থাপনার ক্ষতি হতে পারে।
- ☞ দেয়ালের চারপাশে যেসব স্থানে মাটি থেকে পানির সংস্পর্শ থাকতে পারে, সেখানে এএসি ব্লক ব্যবহার করলে ব্লকের আর্দ্রতা বেড়ে গিয়ে মানের অবনতি ঘটানোর সম্ভাবনা থাকে।



লিফট গাইড রেল :

এলিভেটর গাইড রেলগুলিকে অবশ্যই কংক্রিটের উপর নিয়ম অনুযায়ী মাউন্ট করা উচিত, সরাসরি এএসি ব্লকে স্থাপন না করাই ভালো। এএসি ব্লক শুধুমাত্র নন-লোড-বেয়ারিং দেয়ালের জন্য ব্যবহার করা। এটি স্থাপনার ভার বহন করতে পারে না।



আনুষঙ্গিক সরঞ্জাম

- নবাবপুর অথবা যেকোনো হার্ডওয়্যারের দোকানে এই জিনিসপত্র পাওয়া যাবে

<p>ইলেকট্রিক সিমেন্ট মিক্সার ৯৪</p>  <p>পানির সাথে এডহেসিভ মর্টার মেশানোর জন্য</p>	<p>কোদাল বা বেলচা ৯৫</p>  <p>সিমেন্ট মর্টার মেশানোর জন্য</p>	<p>ফ্ল্যাট ডি-নচ ট্রায়েল ৯৬</p>  <p>মর্টার সমতল করার জন্য</p>
<p>পুটি বেড ৯৭</p>  <p>ব্লকের মধ্যে ফাঁক স্থান পূরণের জন্য</p>	<p>ম্যাসন ট্রায়েল ৯৮</p>  <p>সাধারণ মর্টার দেয়ার জন্য</p>	<p>ম্যাসন সিমেন্ট পেইনার ৯৯</p>  <p>মর্টার সমতলকরণ জন্য</p>
<p>স্পঞ্জ ১০০</p>  <p>ইনস্টলেশনের আগে এএসি ব্লকগুলি ভেজানোর জন্য</p>	<p>ফুট অ্যালুমিনিয়াম লেভেল ১০১</p>  <p>উপরের স্তরের এলাইনমেন্ট পরীক্ষা করার জন্য</p>	<p>রাবার ম্যাল্টেট ১০২</p>  <p>এএসি ব্লককে সমান করতে ব্যবহার করা হয়। এটির একটি বিদিস্ট আকার এবং ওজন রয়েছে।</p>
<p>পাস্ত্র ১০৩</p>  <p>লম্বভাবে পরিমাপের জন্য</p>	<p>সুতা ১০৪</p>  <p>কোণায় বঁধে প্রস্থের এলাইনমেন্ট পরিমাপের জন্য ব্যবহৃত হয়</p>	<p>নেট ব্যাট/ঝাড়ু ১০৫</p>  <p>অমসৃণ প্লাস্টারের জন্য</p>

ব্লক কাটার

১০৬



ইচ্ছেমতো সাইজে ব্লককে কাটতে ব্যবহার করা হয়

টিপড হ্যান্ড স

১০৭



সাইজ মতো ব্লক কাটার জন্য

এঙ্গেল গ্রাইন্ডার

১০৮



এএসি ব্লক খাঁজ কাটার জন্য

কিউরিং টুলস/ভেজানোর যন্ত্র :



দেয়াল যেন স্যাঁতস্যাঁতে না হয়, তাই জয়েন্টগুলোতে ম্যানুয়ালি অথবা স্প্রেয়ার দিয়ে কিউরিং করা ভালো।

নেক্সটব্লক AAC-এর বৈশিষ্ট্য

বিষয়	একক	বিবরণ	এএসটিএম কোড
সাইজ	mm	দৈর্ঘ্য: ৬০০ মি.মি. উচ্চতা: ২০০ মি.মি. থেকে ৩০০ মি.মি. পুরুত্ব: ১০০ মি.মি. থেকে ৩০০ মি.মি.	সি - ১৩৮৬
কম্প্রসিভ স্ট্রেংথ	MPa	৪.৫ - ৬.৫	সি - ১৩৮৬
ড্রাই বাল্ক ডেনসিটি	Kg/m ³	৬৫০ - ১০০০	সি - ১৩৮৬
তাপ পরিবাহিতা	W/m-K	সর্বোচ্চ ০.১২	ডি - ৭৩৪০
অগ্নি প্রতিরোধী	hrs.	৪.৫	ই - ১১৯
শব্দ প্রতিরোধী	dB	৩৮ (২৫০ মি.মি. দেয়ালের জন্য)	ই - ৯০




BUET Tested



PWD Enlisted



HBRI Certified





800+ প্রোজেক্ট সম্পন্ন

দেশব্যাপী নেক্রটব্লক দিয়ে ইতিমধ্যে নির্মিত হয়েছে
800 টির বেশি প্রজেক্ট



যোগাযোগ

প্রধান কার্যালয়:

বাসা ৪ ২৬, রোডঃ ০৭, ব্লকঃ জি, বনালী, ঢাকা - ১২১৩, বাংলাদেশ

ইকো ফ্রেন্ডলি গ্রিন ব্লকস লিমিটেড

মোবাইল / হোয়াটস অ্যাপ : +৮৮০ ১৩২১ ২০৬ ৭৮০ (হটলাইন)

ইমেইল : info@nextblock.build

ওয়েবসাইট : www.nextblock.build

ফেসবুক : www.facebook.com/nextblockbd

লিংকডইন : linkedin.com/company/nextblockbd

ফ্যাক্টরি:

গ্রাম: উত্তর লক্ষিকর, পোস্ট অফিস: সাগরদিঘি

থানা: ঘাটাইল, জেলা: টাঙ্গাইল

